ঢাকা কমার্স কলেজ আয়োজিত গণহত্যা দিবসের অনুষ্ঠানে অতিথিরা

ঢাকা কমার্স কলেজে গণহত্যা দিবস পালন

গণহত্যা দিবস পালন ২০১৯ উপলক্ষে ২৫ মার্চ ঢাকা কমার্স কলেজে মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন যুদ্ধাহত মুক্তিযোদ্ধা মুহম্মদ ফরিদ মিঞা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সাবেক উপ-পরিচালক, লেখক ও বীর মুক্তিযোদ্ধা মো. হারুন-অর-রশিদ এবং বীর মুক্তিযোদ্ধা মো. মফিদুল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর মো. শফিকুল ইসলাম। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঢাকা কমার্স কলেজের উপদেষ্টা (অ্যাকাডেমিক) প্রফেসর মো. মোজাহার জামিল। স্বাগত ভাষণ দেন সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক এসএম আলী আজম। শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য দেন ব্যবস্থাপনা সম্মান ৪র্থ বর্ষের ছাত্র প্রসেনজীত বিশ্বাস প্রত্যয় ।

যুগান্তর

১ এপ্রিল ২০১৯ (পৃষ্ঠা ১২)